

স্বাধীনতা

স্বাধীনতা

তারিখ . 31. JUL..2013. ...  
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ৪ ...

## দুর্গাপুর কলেজে মহিলা কোটায় পুরুষ নিয়োগ : এমপির নামে মামলা

রাজশাহী অফিস

রাজশাহীর দুর্গাপুর ডিগ্রি কলেজে সরকারি নিয়মনিতি-লঙ্ঘন করে মহিলা কোটার একটি পদে পুরুষ শিক্ষক নিয়োগ দেয়ার অভিযোগ উঠেছে। এ ঘটনায় কলেজ সভাপতি ও রাজশাহী-৫ (পুঠিয়া-দুর্গাপুর) আসনের সংসদ সদস্য আবদুল ওয়াহিদ, দারসহ ৯ জনকে আসামি করে আদালতে মামলা হয়েছে। রাজশাহী সহকারী জজ আদালতে মামলাটি দায়ের করেন মহিলা কোটার চাকরিপ্রার্থী লাকী জেসমিন শিউলি। গত ২১ জুলাই আদালতে অভিযোগ দায়ের করা হলেও সোমবার জননি শেষে মামলাটি আমলে দেন বিচারক। মামলার অন্য ৮ আসামির মধ্যে রয়েছেন কলেজ অধ্যক্ষ আবদুল মালেক, শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি ও রাজশাহী কলেজের উপাধ্যক্ষ হাবিবুর রহমান, জাতীয় বিশ্ববিদ্যালয় ডিউটিনিথি অধ্যাপক সূভাষ চন্দ্র শিল্প, কলেজ পরিচালনা পর্ষদের সদস্য আবদুল মান্নান ফিরোজ এবং নিয়োগপ্রাপ্ত শিক্ষক আনোয়ার হোসেন। অন্যরা সবাই নিয়োগ বোর্ডের সদস্য।

মামলা সূত্রে জানা গেছে, দুর্গাপুর ডিগ্রি কলেজের হিসাববিজ্ঞান বিভাগে একজন নারী সহকারী অধ্যাপক নিয়োগদানের জন্য গত ২৫ জানুয়ারি পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়া হয়। ওই পদের বিপরীতে আবেদন জমা পড়ে ৪টি। তাদের মধ্যে ২ নারী প্রার্থীকে বাদ দিয়ে গত ১২ জুলাই অনূষ্ঠিত নিয়োগ পরীক্ষার জন্য প্রবেশপত্র দেয়া হয় ২ পুরুষ প্রার্থীকে। ফলে নারী প্রার্থীরা পরীক্ষায় অংশ নিতে পারেননি। গত ১৫ জুলাই ২ পুরুষ প্রার্থীর মধ্য থেকে আনোয়ার হোসেনকে নিয়োগ দেয়া হয়।

এ ব্যাপারে কলেজ অধ্যক্ষ আবদুল মালেক বলেন, যোগ্য নারী প্রার্থী না থাকায় পুরুষকে ওই পদে নিয়োগ দেয়া হয়েছে। এ নিয়ে মামলা করেও কোনো লাভ হবে না। নিয়োগ বোর্ড যাকে যোগ্য মনে করেছে, তাকেই নিয়োগ দিয়েছে।